২৫। হে ঈশ্বর, আমাদের অনুসন্ধান কর এবং শুদ্ধ করো।আমার চিন্তা, কথা এবং কাজ যেন তোমাকে প্রসন্ন করে। আমাদের মনগুলোকে নবায়িত করার দ্বারা আমাদের রূপায়িত করো।(রোমীয় ১২:২)

২৬।হে পিতা, আমরা তানজানিয়ার নিঃস্ব হয়ে যাওয়া মহিলাদের জন্য প্রার্থনা করি।তারা যেন চাকরী খুঁজতে সক্ষম হওয়ার জন্য প্রয়োজনীয় দক্ষতা শিখতে পারে এবং তাদের পরিবারগুলিকে সাহায্য করতে পারে। (দ্বিঃবিবরণ ১৫:১১)

২৭।হে ঈশ্বর আমরা জিম্বাবোয়ের ঘরগুলিতে শান্তির জন্য এবং হিংস্র আচরণগুলির জন্য প্রার্থনা করি কারণ এই বিষয়গুলি সন্তানদের নেতিবাচকভাবে প্রভাবিত করে। (যিশাইয় ৬০:১৮)

২৮। হে প্রভু, ইথিয়পীয়ায় সাম্প্রতিক শান্তির জন্য আমরা তোমার প্রশংসা করি।কিণ্ডারগার্টেন থেকে কলেজ পর্যন্ত অসংখ্য শিক্ষার্থীরা এখন শিক্ষাগ্রহণের জন্য উপযুক্ত পরিবেশের অভিজ্ঞতা লাভ করছে। (উপদেশক ৭:১২)

২৯। হে পিতা, মালায়ির নেতাদের জ্ঞান, সাহস এবং শক্তি দিন যাতে তারা এই দেশটিকে উত্তমরূপে পরিচালনা করতে পারে। (যিহোশূয় ১:৯)

৩০।হে পিতা ঈশ্বর, দক্ষিণ আফ্রিকার বেকার মহিলাদের সক্ষম করো যাতে তারা সৃজনশীল বিভিন্ন উপায়ে তাদের উপার্জন উৎপন্ন করতে পারে এবং তাদের প্রয়োজনগুলি পূরণ করতে পারে। (২ করিন্থীয় ৯:৮)

৩১।হে প্রভু, জিম্বাবোয়ের শিক্ষক শিক্ষিকাদের প্রয়োজনগুলি পূরণ করার জন্য এবং তাদের শিক্ষাদানের আগ্রহকে প্রজ্জ্বলিত করার জন্য এবং শিক্ষার্থীদের পরীক্ষায় উত্তীর্ণ হতে সাহায্য করার জন্য আমরা তোমার কাছে প্রার্থনা করি।(গীত ৩২:৮)

## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থনা

১। প্রার্থনা করবেন বাংলাদেশের মানুষের জন্য যারা এই গরমে অনেকে কষ্ট পাচ্ছে, এখনো অনেকে মানুষ গরমে কষ্ট পাচ্ছে। প্রার্থনা করেন যেন ঈশ্বর এই গরমের হাত থেকে বাংলাদেশের মানুষকে রক্ষা করেন

২। বাংলাদেশের নারীরা যেন সেক্স-ট্রাফিক-এর ফাঁদে না পরে এবং ঈশ্বর যেন বাংলদেশের পরিবার ও সমাজে আত্মিক উদ্দীপনায় নারীদেরকে আর বেশি ব্যবহার করেন।

৩। এখনো বিভিন্ন জায়গায় ঈশ্বরের বিশ্বাসীগণ প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বিভিন্নভাবে অত্যাচারিত হচ্ছে, বিশেষভাবে যারা সুসমাচার নিয়ে কাজ করে তারা বিভিন্ন বৈষম্যের শিকার হচ্ছে। তাদের জন্য প্রার্থনা করবেন যেন ঈশ্বর তার সন্তানদেরকে তার পক্ষের নিচে রক্ষা করেন এবং কার্যকর ভাবে তাদের ব্যবহার করেন।

৪। বর্তমানে বাংলাদেশে এলাকা ভিত্তিক ভোট চলছে যা আগামীতে পার্লামেন্ট ভোটের জন্য খুবই গুরুত্বপূর্ণ, তাই প্রার্থনা করবেন যেন ঈশ্বর দেশকে ভালবাসে এবং ঈশ্বরকে ভাল ভয় করে এমন নেতাদেরকে মনোনীত করেন।

후원안내

국민은행 851-01-0003-724 북방선교방송

최초 입금 후 사무실로 연락 주시기 바랍니다

# Women of Hope

Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত 'প্রত্যাশাময়ী নারী' নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাসায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।



**2023.8.**

## আফ্রিকান মহিলাদের জন্য প্রার্থনা 2

অনেক আফ্রিকান শুধুমাত্র স্বাস্থ্যের প্রতি যত্নের অভাবেই নয়, তার সঙ্গে সঙ্গে তারা দারিদ্র্য, অশিক্ষা, অপুষ্টি, বেকারত্ব এবং রোগেও ভোগে। আফ্রিকায় ধর্মীয় ও সাংস্কৃতিক কারণে নারীদের অধিকার ও মর্যাদা খুবই কম। অত্যাধিক সংসারের বোঝা এবং জোরপূর্বক বাল্যবিবাহের কারণে মেয়েরা তাদের পড়াশোনা চালিয়ে যেতে পারে না। প্রার্থনা করবেন তাদের বাল্যবিবাহের ধারণার যেন পরিবর্তন হয় এবং ক্ষতিকর মন্দ অভ্যাসগুলো দূর হয়।

**TWR Korea 북방선교방송**

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층

전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

**আন্তরিক ভাবে প্রার্থনা করছি।**

১। হে প্রভু, তুমি পিতৃহীনের পিতা। বুরুন্দি সরকার যেন ক্ষুধার্ত, গৃহহীন এবং সাহায্যের জন্য ভিক্ষাপ্রার্থী সড়ক শিশুদের তত্ত্বাবধান করে এবং তাদের থাকার জন্য যেন আশ্রমের ব্যবস্থা করে। (গীত ৮২:৩)

২।হে পিতা, ইথিওপীয়ার খৃষ্ট বিশ্বাসীদের  শক্তি এবং উপলব্ধি দাও যাতে তারা চার্চের মধ্যে আদিবাসী মতবাদী রাজনৈতিক চিন্তাভাবনা আনার বিষয়টিকে প্রত্যাখ্যান করে।এটি তাদের সামাজিক পারস্পরিক ক্রিয়াকে প্রভাবিত করে এবং সদস্যদের বিশ্বাসকে দুর্বল করতে পারে। (কলসীয় ২:৮)

৩।হে প্রভু, কেনিয়ার লোকদের একটি পথ করে দাও যেন তারা নাইরোবি সম্প্রচার কেন্দ্র থেকে যতটা এলাকায় সম্প্রচার করা যায় তার জন্য আশাময়ী নারী অনুষ্ঠানগুলির উৎপাদন শুরু করার জন্য এবং সম্প্রচার করার জন্য তহবিল সংগ্রহ করতে পারে।(গীত ৩৪:১০)

৪।হে ঈশ্বর, আমরা মালয়িতে মহিলাদের জন্য শিক্ষার এবং সুযোগের প্রবেশ বৃদ্ধির জন্য প্রার্থনা করি যাতে তারা তাদের জীবনের উন্নতিকল্পে দক্ষতা এবং জ্ঞান বিকশিত করতে পারে। (হিতোপদেশ ১:৭)

৫।হে পিতা, দক্ষিণ আফ্রিকায় আমাদের নেতারা যখন সরলভাবে তোমার সেবা করছে তখন তাদের অন্তর সহমর্মিতা এবং দয়ায় প্লাবিত করো যাতে তারা সেই সমস্ত লোকদের কাছে পৌঁছাতে পারে যারা তোমাকে জানে না। (গীত ১০৭:১)

৬।হে ঈশ্বর, আমরা জাঞ্জিবারের লোকদের জন্য প্রার্থনা করি । তাদের বিশ্বাসে শক্তিশালী করো। (মথি ৫:১১)

৭।হে প্রভু, আশাহীনতার মানসিকতা অনুগ্রহ করে বন্ধন করো যার জন্য জিম্বাবোয়েতে অসংখ্য যুবক যুবতীরা আত্মহত্যা করছে।তাদেরকে পথ দেখানোর জন্য পরামর্শদাতাদের তোলো।(১ যোহন ৪:৪)

৮।হে পিতা,বারুন্দির দরিদ্র মহিলা এবং পুরুষদের চাকরী এবং প্রাথমিক প্রয়োজনগুলি জুগিয়ে দাও যাদের বাঁচার কোনও উপায় নেই। (গীত ৩৪:৬)

৯।হে জোগানদাতা ঈশ্বর, ইথিওপীয়া কারাগারগুলির কষ্টভোগকারী মহিলাদের পরিচর্যা করার জন্য এবং তাদের প্রয়োজন পূরণ করার জন্য বিশ্বাসীদের তোলো। (ইব্রীয় ১৩:১-৩)

১০। হে প্রভু, কেনিয়ার একক মহিলাদের প্রজ্ঞা এবং শক্তি দাও যাতে তারা শিশু পালন, ঘরোয়া এবং পেশাগত ভূমিকার মধ্যে প্রয়োজনীয় ভারসাম্য রক্ষা করতে পারে। (গীত ২৮:৭)

১১। করুণাময় ঈশ্বর, মালায়িতে ফ্রেডি ঘূর্ণিঝড়ে বিপন্ন লোকদের কাছে আরোগ্য আনো যেহেতু অধিকাংশ পরিবারগুলো এবং কয়েকটি সমাজের সকলে তাদের প্রিয়জনদের এবং সম্পত্তি হারিয়েছে।(যোহন ১৪:২৭)

১২।হে প্রভু,দক্ষিণ আফ্রিকার পূর্ব কেপের মহিলারা যেন ব্যবহারিক এবং আত্মিক অন্তর্দৃষ্টি লাভ করতে পারে যেহেতু তারা জোসা ভাষায় আশাময়ী নারী অনুষ্ঠানগুলো শোনে। (ফিলিপীয় ১:৯-১০)

১৩।হে ঈশ্বর,অনুগ্রহ করে তানজানিয়ায় সাংস্কৃতিক প্রথার চর্চাগুলো বন্ধ করো যা মহিলাদের ক্ষতি করে, এর সঙ্গে শারীরিক শাস্তি, স্ত্রী জননাঙ্গচ্ছেদ এবং বাল্য বিবাহ অন্তর্ভূক্ত।(ইফিষীয় ৫:২৫)

১৪। হে স্বর্গীয় পিতা, জিম্বাবোয়ে দেশটিকে আশীর্ব্বাদ করার জন্য আমরা প্রার্থনা করি, এই দেশটিকে পুনরায় আফ্রিকার শস্যভাণ্ডারে পরিণত করো। (নহূম ২:২)

১৫। হে প্রভু, বারুন্দির স্বামীরা যেন তোমাকে গ্রহণ করে তার জন্য আমরা প্রার্থনা করি। স্বামী এবং স্ত্রীর মধ্যস্থ আত্মিক বিশ্বাসের অনৈক্য তাদের সম্পর্কের মধ্যে বিরোধ তৈরী করছে।(প্রেরিত ১৬:৩০-৩৩)

১৬।ঈশ্বরের প্রশংসা হোক যে ট্রান্সওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী ইথিয়পীয়ার নেকেমতে শহরের লোকদের অন্ন এবং বস্ত্র প্রদানের জন্য অন্যান্য অলাভজনক সংস্থাগুলির সঙ্গে কাজ করছে,যে লোকেরা যুদ্ধের কারণে তাদের ঘর থেকে অপসৃত হয়েছে।(গীত ৪১:১)

১৭। হে পিতা, কেনিয়ার মহিলা এবং বালিকাদের লিঙ্গ-ভিত্তিক হিংস্রতা এবং পরিবারের সদস্যদের দ্বারা যৌন অত্যাচার থেকে নিরাপত্তা দাও। যারা এই সকল মহিলাদের ক্ষতি করছে তাদের হৃদয়কে রূপান্তরিত করো। (২ থিষলনীকীয় ৩:৩)

১৮।মালয়ির মহিলারা যেন তাদের বিশ্বাসের বৃদ্ধিতে সাহায্যের জন্য সংস্থান পেতে পারে এবং ঈশ্বরে সান্ত্বনা এবং শক্তি খুঁজে পেতে পারে। (যিশাইয় ৪১:১০)

১৯।হে পিতা, দক্ষিণ আফ্রিকায় যারা কষ্টভোগ করছে তারা যেন তোমার দয়া এবং করুণা জানে।তারা যেন তাদের সমস্ত পরিস্থিতির উর্দ্ধে দৃষ্টিপাত করতে পারে এবং তোমার সেবার জন্য তাদের মন স্থির করতে পারে তার জন্য তাদের সাহস এবং আশা দাও।(গীত ৩১:১৯)

২০।হে প্রভু,তানজানিয়ার দম্পতিরা যেন পরস্পরকে ভালোবাসে এবং তোমার আত্মার দ্বারা চালিত হয়ে পবিত্র জীবনযাপন করে।এই বিবাহগুলিতে হিংস্রতা, দুর্বল বোঝাপড়া এবং অন্যান্য বিষয়গুলি আরোগ্য করো কারণ এই বিষয়গুলির জন্য বিবাহ বিচ্ছেদের হার বৃদ্ধি পাচ্ছে। (১ পিতর ৪:৮)

২১। হে ঈশ্বর, জিম্বাবোয়ের যুবতিদের কাজ করার দক্ষতা দেওয়ার জন্য আমরা তোমার কাছে প্রার্থনা করি যাতে তারা পতিতালয়ে যাওয়ার বিষয়টিকে এড়াতে পারে। (১থিষ ৪:৩-৪)

২২। হে প্রভু, বুরুন্দির মহিলাদের পক্ষে দাঁড়াও যাতে তার সম্পত্তির অধিকারী হতে পারে।তাদের যৌথ পরিবারগুলির পুরুষ সদস্যরা যেন তাদের কাছ থেকে সম্পত্তি হরণ করতে না পারে সেই বিষয়টি নিশ্চিত করো। (হিতোপদেশ ৩১:৯)

২৩। হে পিতা, ইথিয়পীয়ার ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী দলটির জন্য তোমাকে ধন্যবাদ দিই। এই দলটিকে শক্তি, অনুগ্রহ এবং প্রজ্ঞা দাও। (হিতোপদেশ ২:৬)

২৪।হে প্রভু, আমরা তোমার প্রতি দৃষ্টিপাত করি, মালায়ির মহিলা এবং বালিকাদের হিংস্রতা এবং বৈষম্যের থেকে সুরক্ষা করার জন্য, আমরা তোমার প্রতি দৃষ্টিপাত করি। (যিশাইয় ১:১৭)